



শাকিব খানের "তাণ্ডব" সিনেমা পাইরেসির মূলহোতা টিপু সুলতান গ্রেফতার



সংগৃহীত ছবি

শাকিব খানের 'তাণ্ডব' সিনেমা পাইরেসির কবলে পড়েছে। এতে শিল্পী ও প্রডিউসার খুবই হতাশতা প্রকাশ করেছে। পাইরেসির মূলহোতা টিপু সুলতানকে গ্রেফতার করেছে নোয়াখালী জেলা পুলিশের ডিবি'র একটি টিম।

গতকাল সোমবার (১৭ জুন) নোয়াখালী শহরের মোহাম্মদিয়া হোটেলের এরিয়া থেকে তাকে গ্রেফতার করা হয়। টিপু সুলতান বাড়ি বেগমগঞ্জ উপজেলার জিরতলী ইউনিয়নের খলিলুর রহমানের ছেলে বলে জানা গেছে।

নোয়াখালী জেলার ডিবি যায়, তাণ্ডব সিনেমার পাইরেসির ঘটনায় বনানী থানায় অভিযোগ দায়ের করেছেন প্রযোজক শাহরিয়ার শাকিল। অভিযোগে ১নং আসামি করা হয়েছে টিপু সুলতানকে। এ সময় ডিবি বলেন; কপিরাইট লঙ্ঘন করে দেশের চলচ্চিত্র শিল্পকে ধ্বংসের মুখে ঠেলে দেয়ার যেকোনো অপচেষ্টা প্রতিহত করতে ডিবি সর্বদা তৎপর।

প্রযোজক শাহরিয়ার শাকিলের অভিযোগসূত্রে জানা যায়, টিপু সুলতান অবৈধভাবে 'তাণ্ডব' সিনেমাটির সম্পূর্ণ এইচডি সংস্করণ পাইরেসি করে বিভিন্ন অনলাইন মাধ্যমে ছড়িয়ে দেয়। নোয়াখালীর অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ ইব্রাহীম বলেন, তাণ্ডব পাইরেসি করে সবদিকেই ছড়িয়ে দিয়েছে এই কথা টিপু সুলতান স্বীকার করেছে। এদের একটি বড় চক্র রয়েছে বলেও জানান। বর্তমানে আসামীকে ঢাকায় পাঠানো হবে বলেও জানান।

উল্লেখ্য - ঈদুল আজহায় মুক্তি পেয়েছে বহুল আলোচিত শাকিব খান ও সাবিলা নূর জুটির 'তাণ্ডব' সিনেমা। রায়হান রাফীর পরিচালনায় দেশের বিভিন্ন প্রেক্ষাগৃহে বড় তুলেছে ছবিটি।